

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মোহনপুর ইউনিয়ন পরিষদ
উপজেলা : সুনামগঞ্জ, জেলা : সুনামগঞ্জ।

৮নং মোহনপুর ইউনিয়ন পরিষদের জুন/২০২০ খ্রি: মাসের সাধারণ সভার কার্যবিবরণী :
সভার সভাপতি : জনাব মো: নুরুল হক, চেয়ারম্যান, ৮নং মোহনপুর ইউনিয়ন পরিষদ, সুনামগঞ্জ সদর,
সুনামগঞ্জ।
সভার তারিখ : ২১-০৬-২০২০ খ্রিঃ রোজ : মঙ্গলবার সময় : সাকল ১০.০০ ঘটিকা
সভার স্থান : অস্থায়ী কার্যালয়, জয়নগর বাজার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
ইউপি সভায় উপস্থিত সদস্যগণের নাম :

ক্র: নং	উপস্থিত সদস্যগণের নাম	পদবী	ওয়ার্ড নং	স্বাক্ষর
০১	জনাব মো: নুরুল হক	চেয়ারম্যান	১-৯	স্বাক্ষরিত
০২	বেগম সন্ধ্যা রাণী দেব	সংরক্ষিতমহিলা	১.২.৩	স্বাক্ষরিত
০৩	বেগম স্বপ্না বেগম	সংরক্ষিত মহিলা	৪.৫.৬	স্বাক্ষরিত
০৪	বেগম মোছা: আছিয়া খাতুন	সংরক্ষিত মহিলা	৭.৮.৯	স্বাক্ষরিত
০৫	জনাব মো: তৈয়বুর রহমান	সাধারণ সদস্য	১নং	স্বাক্ষরিত
০৬	জনাব মো: ইকবার হোসেন	সাধারণ সদস্য	২নং	স্বাক্ষরিত
০৭	জনাব মামুন রশিদ সেলিম	সাধারণ সদস্য	৩নং	স্বাক্ষরিত
০৮	জনাব মো: শামছুন নূর	সাধারণ সদস্য	৪নং	স্বাক্ষরিত
০৯	জনাব মো: রইছ মিয়া	সাধারণ সদস্য	৫নং	স্বাক্ষরিত
১০	জনাব মো: বাবুল মিয়া	সাধারণ সদস্য	৬নং	স্বাক্ষরিত
১১	জনাব মো: নুরুল ইসলাম	সাধারণ সদস্য	৭ নং	স্বাক্ষরিত
১২	জনাব মো: আব্দুস সোবাহান	সাধারণ সদস্য	৮নং	স্বাক্ষরিত
১৩	জনাব মো: আজিম উদ্দিন	সাধারণ সদস্য	৯নং	স্বাক্ষরিত

আলোচ্য বিষয় :

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে মসজিদ ও অন্যান্য ধর্মীয় উপাসনালয় থেকে নিয়মিতভাবে মাইকে জরুরী বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।
- ৩। আইন শৃংখলা পরিস্থিতি বিষয়ে আলোচনা।
- ৪। বিবিধ।

ক্র: নং	বিবরণ	সিদ্ধান্ত	মন্তব্য
১	অধ্যকার সভার সভাপতি উপস্থিত সদস্যগণকে শূভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়।		
২	সভাপতি বলেন, করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে মসজিদ ও অন্যান্য ধর্মীয় উপাসনালয় থেকে নিয়মিতভাবে মাইকে জরুরী বিজ্ঞপ্তি প্রচার করা প্রয়োজন। এ বিষয়ে পত্রটি সভায় উপস্থাপন করা হয় এবং পত্রে বর্ণিত বিষয়সমূহ ধর্মীয় উপাসনালয়গুলোতে মাইকে প্রচারের জন্য সকল ইমাম ও পুরোহিতদেরকে অনুরোধ জানানো হয়। পত্রটি দ্রোত সকল ধর্মীয়	পত্রটি দ্রোত সকল ধর্মীয় প্রতিষ্ঠানে পৌছে দেওয়ার এবং প্রচার করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	

	প্রতিষ্ঠানে পৌঁছে দেওয়ার এবং প্রচার করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।		
৩	ইউনিয়নের সার্বিক আইন শৃংখলা পরিস্থিতি বিষয়ে আলোচনা হয়। আলোচনায় ইউ/পি সদস্য জনাব শামসুন নূর মিয় বলেন, আমার ওয়ার্ডে আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। সভায় অন্যান্য সদস্যগণও আলোচনার অংশগ্রহণ করেন এবং আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে বলে জানান। সভাপতি সকলকে এ বিষয়ে সজাগ থাকার জন্য অনুরোধ জানান।	আইন শৃংখলা বিষয়ে জনসচেতনতা সৃষ্টির জন্য স্ব স্ব ওয়ার্ডে কর্মসূচী পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউ/পি সদস্য, সকল
৪	বিবিধ আলোচনায় সভাপতি বলেন মে/২০২০ মাসে ড্রেড লাইসেন্স প্রদান বাবদ মোট ৪৯৫০/- টাকা আদায় হয়েছে এবং অফিস পরিচালনায় স্টেশনারী সামগ্রী ক্রয়, আনুষঙ্গিক ও আপ্যায়নে মোট ৫৯৬৮/= টাকা ব্যয় করা হয়েছে। আলোচনাক্রমে তা সর্বসম্মতভাবে গৃহীত ও অনুমোদিত হয়।	চলতি মাসের আয় ও ব্যয় সর্বসম্মতিতে গৃহীতও অনুমোদিত হয়।	মোহনপুর ইউনিয়ন পরিষদ,

অতঃপর সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি আবারও সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




(মো: নুরুল হক)

চেয়ারম্যান হক
মোহনপুর ইউনিয়ন পরিষদ
সুনামগঞ্জ সদর।

স্মারক নং: /২০২০

তারিখঃ ২১/০৬/২০২০ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।



(মো: নুরুল হক)

চেয়ারম্যান হক
মোহনপুর ইউনিয়ন পরিষদ
সুনামগঞ্জ সদর।